



বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)

BANGLADESH TANNERS ASSOCIATION (BTA)

বিটিএ/২০২০/৩১৪(৫৯)

তারিখ: ২৭ অক্টোবর, ২০২০

প্রাপকঃ

-----  
-----  
-----

বিষয়ঃ বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ অনুসারে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ, প্রতিদ্বন্দিতা, প্রস্তাবক এবং সমর্থক হওয়ার লক্ষ্যে বকেয়াসহ ২০২০ সালের বার্ষিক সদস্য চাঁদা পরিশোধ


মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর কার্যনির্বাহী কমিটি (২০১৯-২০২০) এর মেয়াদ ২০২১ সালের মার্চ মাসে উত্তীর্ণ হবে। পরবর্তী দ্বি-বার্ষিক নির্বাচন (২০২১-২০২২) সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গত ২৪ অক্টোবর, ২০২০ তারিখে কার্যনির্বাহী কমিটি (২০১৯-২০২০) এর ১০ম সভায় বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর বিধি ১৪ অনুযায়ী নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড গঠন করা হয়েছে। বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর বিধি ১৩ এর উপবিধি (৩) অনুযায়ী নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ, প্রতিদ্বন্দিতা, প্রস্তাবক এবং সমর্থক হওয়ার লক্ষ্যে বকেয়াসহ ২০২০ সালের বার্ষিক সদস্য চাঁদা পরিশোধ করা বাধ্যতামূলক।

এমতাবস্থায়, নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ এবং প্রতিদ্বন্দিতা করার লক্ষ্যে বকেয়াসহ ২০২০ সালের চাঁদা পরিশোধ করে মানি রিসিট সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল।

আপনার বিশ্বস্ত



  
(মোঃ নূরুল ইসলাম)  
সচিব